


**জুলাই/১১-জুন/১২ সময়কালে কৃষিভিত্তিক শিল্প ঋণের সার্বিক অবস্থার পর্যালোচনামূলক প্রতিবেদন**


কৃষিভিত্তিক শিল্পে ঋণপ্রবাহ যথাযথভাবে মনিটরিং করার লক্ষ্যে দেশের সকল ব্যাংক থেকে কৃষিভিত্তিক শিল্পে ঋণ বিতরণ ও আদায় সম্পর্কিত তথ্য/বিবরণী সংগ্রহ করা হয়ে থাকে। সে মোতাবেক সংশ্লিষ্ট ব্যাংকসমূহ কর্তৃক ২০১১-২০১২ অর্থবছরের জুন/১২ ত্রৈমাসিকে দাখিলকৃত বিবরণীর ভিত্তিতে আলোচ্য বিবরণী প্রস্তুত করা হয়েছে। ২০১১-২০১২ অর্থবছরের ৩০শে জুন ২০১২ পর্যন্ত সংশ্লিষ্ট ব্যাংকসমূহের কৃষিভিত্তিক শিল্পে ব্যাংকগোয়ারী ঋণ বিতরণ, বকেয়া ঋণ ও শ্রেণীবিন্যাসিত ঋণের অবস্থা নিম্নরূপ:

**১. ঋণ বিতরণ**

জুলাই/১১-জুন/১২ অর্থবছরে কৃষিভিত্তিক শিল্পে ঋণ বিতরণের মোট পরিমাণ ছিল ১৯,৩৭৮.১৯ কোটি টাকা, এর মধ্যে চলতি মূলধন ও মেয়াদী ঋণ বিতরণের পরিমাণ ছিল যথাক্রমে ১৬,৪৮৫.৫১ কোটি টাকা এবং ৮২,৮৯২.৬৭ কোটি টাকা (চিত্র ১ দ্রষ্টব্য)। আলোচ্য ২০১১-২০১২ অর্থবছরে কৃষি ভিত্তিক শিল্পখাতে বিগত ২০১০-২০১১ অর্থবছরের তুলনায় চলতি মূলধন ঋণ, মেয়াদী ঋণ, ও মোট ঋণ বৃদ্ধির হার যথাক্রমে ১৭.৮৫%, ১১.১৬% ও ১৬.৮০%।




আলোচ্য সময়ে কৃষিভিত্তিক শিল্পে বিতরণকৃত মোট ১৯,৩৭৮.১৯ কোটি টাকার মধ্যে রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহ ৬.৫২%, বেসরকারী বাণিজ্যিক ব্যাংকসমূহ ৬৮.৬২%, বিদেশী ব্যাংকসমূহ ১৮.৪৪%, এবং বিশেষায়িত ব্যাংক সমূহ ৬.৪২% বিতরণ করেছে।




## ২. বকেয়া ঋণস্থিতি

জুলাই/১১-জুন/১২ সময় শেষে কৃষিভিত্তিক শিল্পখাতে মোট ঋণের বকেয়া স্থিতির পরিমাণ ২২,০৬০.৮৬ কোটি টাকা। তন্মধ্যে চলতি মূলধন খাতে বকেয়া ঋণস্থিতি ১৫,৪৬২.০৫ কোটি টাকা এবং মেয়াদী ঋণখাতে বকেয়া ঋণস্থিতি ৬,৫৯৮.৮০ কোটি টাকা। আলোচ্য ২০১১-২০১২ অর্থবছরে কৃষি ভিত্তিক শিল্পে বিগত ২০১০-২০১১ অর্থ বছরের তুলনায় চলতি মূলধন ঋণ, মেয়াদী ঋণ, এবং মোট ঋণ এর বকেয়া ঋণস্থিতি যথাক্রমে ১৪.৭৭%, ০.৫৮% এবং ১০.১২% হারে বৃদ্ধি পেয়েছে। (চিত্র ৩ দ্রষ্টব্য)



আলোচ্য সময়ে কৃষিভিত্তিক শিল্পে বকেয়া ঋণের রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বেসরকারি বাণিজ্যিক ব্যাংক, বিদেশী ব্যাংক ও বিশেষায়িত ব্যাংকসমূহের অংশীদারিত্ব যথাক্রমে ২৪.৯৬%, ৫০.৪৭%, ৭.৫০% এবং ১৭.০৭ শতাংশ।



## ৩. শ্রেণীবিন্যাসিত ঋণ

জুলাই/১১-জুন/১২ সময়ে কৃষিভিত্তিক শিল্পখাতে মোট শ্রেণীবিন্যাসিত ঋণের পরিমাণ ১,৮০০.৩৩ কোটি টাকা। তন্মধ্যে রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক সমূহের ৩৫.৬৪%, বেসরকারী বাণিজ্যিক ব্যাংকসমূহের ২০.৬৫%, বিদেশী ব্যাংকসমূহের ১.২১%, এবং বিশেষায়িত ব্যাংকসমূহের ৪২.৫১%। (চিত্র ৫ দ্রষ্টব্য)

২০১০-২০১১ অর্থবছরে কৃষিভিত্তিক শিল্প ঋণের মোট শ্রেণীবিন্যাসিত ঋণের পরিমাণ ছিল ১,৯০০.৩১ কোটি টাকা যা ২০১১-২০১২ অর্থবছরে ৫.২৬% হ্রাস পেয়ে ১,৮০০.৩৩ কোটি টাকা হয়েছে। এদিকে ২০১০-১১ অর্থবছরে কৃষিভিত্তিক শিল্প ঋণে শ্রেণীবিন্যাসিত ঋণের হার ৯.৪৯% যা ২০১১-২০১২ অর্থবছরে হ্রাস পেয়ে ৮.১৬% হয়েছে।

ছক-১ এ ব্যাংকের ধরণ অনুযায়ী ২০১১-২০১২ অর্থবছরে বকেয়া ঋণস্থিতির বিপরীতে শ্রেণীবিন্যাসিত ঋণের অবস্থা তুলে ধরা হয়েছে। উক্ত ছকে দেখা যায়, বিশেষায়িত ব্যাংক ও রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের শ্রেণীবিন্যাসিত ঋণের হার যথাক্রমে ২০.৩২% এবং ১১.৬৫% যা উক্ত ব্যাংকসমূহের দুর্বল ঋণ ব্যবস্থাপনাকে নির্দেশ করে।

ছক ১: ঋণ স্থিতির বিপরীতে শ্রেণীবিন্যাসিত ঋণের অবস্থা (অর্থবছর ২০১১-২০১২)

(কোটি টাকায়)			
ব্যাংকের ধরণ	বকেয়া ঋণ স্থিতি	শ্রেণীবিন্যাসিত ঋণ	শতকরা হার
রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক	৫,৫০৫.৩২	৬৪১.৫৮	১১.৬৫%
বেসরকারী বাণিজ্যিক ব্যাংক	১১,১৩৪.৮৭	৩৭১.৭২	৩.৩৪%
বিদেশী ব্যাংক	১,৬৫৩.৮৬	২১.৭৫	১.৩২%
বিশেষায়িত ব্যাংক	৩,৭৬৬.৮১	৭৬৫.২৮	২০.৩২%
<b>মোট</b>	<b>২২,০৬০.৮৬</b>	<b>১,৮০০.৩৩</b>	<b>৮.১৬%</b>

#### ৪. সার্বিক অবস্থা

কৃষিভিত্তিক শিল্প ঋণের বর্ণিত তথ্য হতে বিগত বছর একই সময়ের সঙ্গে তুলনা করলে দেখা যায় ২০১০-২০১১ অর্থবছর অপেক্ষা ২০১১-২০১২ অর্থবছরে ঋণ বিতরণ ও বকেয়া ঋণ স্থিতি যথাক্রমে ১৬.৮০% এবং ১০.১২% বৃদ্ধি পেয়েছে, অধিকন্তু শ্রেণীকৃত ঋণের পরিমাণ ৫.২৬% হ্রাস পেয়েছে। (চিত্র ৬ দ্রষ্টব্য)

